

আজকাল

কলকাতা ৮ অগ্রহায়ণ ১৪১৩ শনিবার ২৫ নভেম্বর ২০০৬



কলকাতা বাংলা ভারত বিদেশ সম্পাদকীয় খেলা ঘরোয়া পুরনো সংস্করণ প্রথম পাতা
গ্রেগের ক্ষমতা ছাঁটতে পাওয়ার দঃ আফ্রিকায় পাঠাচ্ছেন বেঙ্গল সরকারকে ।। ৩ উইকেট, ৪৩ রান, ভুল আউট, সৌরভ নজরেই--দেবাশিস দত্ত
কলকাতা আই এন আই পেতে দেরি নেই বেসু-র

আই এন আই পেতে দেরি নেই
বেসু-র

ছিলেন গণনাট্যে, উত্তমের পাশে
অভিনয়েও

আবার কলঙ্কিত শিবপুর ইঞ্জি
নিয়ারিং

মোবাইল বাজতেই জাভেদের
জরিমানা

টানা রিকশা তুলতে বিল ৪
ডিসেম্বর

রবিকান্ত আজ কলকাতায়

রাষ্ট্রপতি আসছেন



আজকালের প্রতিবেদন: কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ইনস্টিটিউট অফ ন্যাশনাল ইমপোর্টেন্স (আই এন আই) শিরোপা পেতে বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)-কে হয়ত আর বেশিদিন অপেক্ষা করতে হবে না। শুক্রবার বেসু-র ১৫০ বছর উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বলেন, রাজ্যের উচ্চশিক্ষা দপ্তর এ ব্যাপারে চেষ্টা চালাচ্ছে। কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের সঙ্গে তাঁরা যোগাযোগ রেখে চলেছেন বলেও জানান মুখ্যমন্ত্রী। বেসু-র পরিকাঠামোগত উন্নতির জন্য অনুদান চেয়েও চিঠি দিয়েছেন। প্রধানমন্ত্রীর ডিসেম্বর মাসে বেসু-তে আসার আমন্ত্রণ জানিয়েছেন তিনি, বলেও এদিন জানান মুখ্যমন্ত্রী। এই একই অনুষ্ঠানে রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রী সুদর্শন রায়চৌধুরি জানান, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের সঙ্গে তাঁরা যোগাযোগ রেখে চলেছেন। তিনি আরও জানিয়েছেন, বেসু-র আই এন আই মর্যাদা পাওয়ার ক্ষেত্রে এখন অপেক্ষা শুধুই আনুষ্ঠানিক ঘোষণার। প্রসঙ্গত, কেন্দ্রীয় সরকার দেশের মোট পাঁচটি কারিগরি

বিশ্ববিদ্যালয়কে জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান (আই এন আই) হিসেবে তৈরি করতে চাইছে। যার মধ্যে বেসু তালিকায় প্রথম। এই প্রতিষ্ঠানগুলি পরিচিত হবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি (আই আই ই এস টি) হিসেবে। এদিকে বেসু-র সঙ্গে কানাডার একটি বিশ্ববিদ্যালয়ের অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে যে সমঝোতা হয়েছে তাকে স্বাগত জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, দেশে অটোমোবাইল ক্ষেত্রে যে বিপুল সম্ভাবনার সৃষ্টি হয়েছে তার জন্য দরকার বহু সংখ্যক ইঞ্জিনিয়ারের। এই ধরনের কোর্স সেই চাহিদা মেটাতে বলেও তিনি আশা প্রকাশ করেন। হিন্দমোটর আছে এবং টাটারা আসছে জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, কর্মসংস্থানের সুযোগ তৈরি হচ্ছে। এর পাশাপাশি বেসু স্নাতকোত্তর স্তরে যে ডিজাস্টার মিটিগেশন ইঞ্জিনিয়ারিংয়ের ওপর যে কোর্স চালু করতে চলেছে তাকেও সাধুবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তাঁর মন্তব্য, এই ধরনের কোর্স চালু হলে প্রাকৃতিক বিপর্যয়ের মোকাবিলা করা অনেক সহজ হবে। রাজ্য সরকার বিকল্প শক্তির ওপর জোর দিচ্ছে এই কারণে পরমাণু বিদ্যুৎকেন্দ্র গড়ে তুলতে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। এই বিষয়ে মুখ্যমন্ত্রী বলেন, বিকল্প শক্তির ওপর জোর দিতে হবে। রাজ্যে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র দরকার। বিরোধীরা ক্রমাগত বাধা দিয়ে চলেছেন জানিয়ে বুদ্ধদেব বলেন, এ-ক্ষেত্রে আমাদের এগোতেই হবে। তিনি এদিন শিল্পায়নের প্রয়োজনীয়তার ওপর জোর দেন। শিল্পায়নের ক্ষেত্রে উন্নত পরিকাঠামো ছাড়া মুখ্যমন্ত্রী এদিন মানবসম্পদের ওপরও অধিক গুরুত্ব দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বেসু-র উপাচার্য নিখিলরঞ্জন ব্যানার্জি, রেজিস্ট্রার ইন্দ্রনাথ সিন্‌হা এবং কানাডার উইন্ডসর বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিংয়ের ডিন গ্রাহাম রিডার, সুধাংশুশেখর চক্রবর্তী প্রমুখ। উপাচার্য জানান, স্নাতকোত্তর স্তরে বিশ্ববিদ্যালয় ন্যানো টেকনোলজি অ্যান্ড সায়েন্স, পাওয়ার ইলেকট্রনিক্স, ডিজাস্টার মিটিগেশন, বায়ো ইনফরমেটিক্স কোর্স চালু করতে চলেছে। বেসু-র পুরনো ক্যাম্পাসের কাছেই একটি নতুন ক্যাম্পাস গড়ে তুলতে আগ্রহী তাঁরা। এই বিষয়ে রাজ্য সরকারের কাছে জমিও চাওয়া হয়েছে বলে জানিয়েছেন নিখিলরঞ্জন ব্যানার্জি।

kolkata || bangla || bharat || bidesh || editorial || khela || ghoroa ||
feedback || help || archive || first page

B P-7, Sector-5, Bidhannagar, Kolkata – 700091, Phone: 30110800, Fax: 23675502/5503
Copyright © Aajkaal Publishers Limited

Designed, developed & maintained by Datasoft Solutions